সমকাল

তারিখ 15 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শেকৃবিতে ৭৫ কোটি ৪২ লাখ টাকার বাজেট ঘোষণা

■ শেকৃবি প্রতিনিধি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ অর্থবছরের জন্য ৭৫ কোটি ৪২ লাখ টাকার বাজেট অনুমোদন দিয়েছে বিশ্ববিদ্যালয় সিনেট।

গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৮২তম সভায় এ বাজেট অনুমোদন করা হয় বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর। উপাচার্য প্রফেসর মো. কামাল উদ্দিন আহাম্মদের সভাপতিত্বে সভায় বাজেট উপস্থাপন করেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল হক বেগ।

এবারের বাজেটে আয়ের সিংহভাগই ধরা হয়েছে সরকারি অনুদান হিসেবে প্রাপ্ত ৬৮ কোটি ৪২ লাখ টাকা। বাকি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র থেকে আয় ধরা হয়েছে।

বাজেটের ব্যয়ের জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি খাতে ৫৫ কোটি ৩৫ লাখ টাকা, পেনশন খাতে ৪ কোটি, সাধারণ আনুষঙ্গিক খাতে ৭ কোটি ১৭ লাখ, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৫ কোটি ৮০ লাখ, গবেষণা প্রকল্প ব্যয় ৫০ লাখ, মেরামত সংরক্ষণ ও পুনর্বাসন খাতে ১ কোটি, ও সম্পদ সংগ্রহ বা ক্রয় খাতে ২ কোটি ১০ লাখ টাকা নির্ধারণ করা হয়েছে।

প্রস্তাবিত বাজেটের ওপর বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. কামাল উদ্দিন আহাম্মদ বলেন, বাজেটে সরকারের নিয়মনীতি সমুন্নত রেখে এবং সীমিত সম্পদের সদ্ব্যবহার করে একাডেমিক উন্নয়নে শিক্ষা, আনুষঙ্গিক ও ছাত্রসহায়ক তহবিলের বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।

এ ছাড়া অপচয় রোধ এবং আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।